



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং- ক/অ/৭২(০২)/

তারিখ :

বিষয় : বিজ্ঞান বিভাগ খোলার ও পাঠদানের অনুমতি প্রদান।

সূত্র : ক) শিক্ষা মন্ত্রণালয়ের ২৪-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০৬.০০১.২০১৭-৩৪৮ নং স্মারক পত্র।
খ) অধ্যক্ষ মহোদয়ের ১২-১০-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৪-০৮-২০১৭ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭০.০৬.০০১.২০১৭-৩৪৮ নং স্মারক পত্রের আলোকে নড়াইল জেলার সদর উপজেলাধীন “দক্ষিণ নড়াইল শিমুলিয়া মহাবিদ্যালয়”-এ ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে নিম্নবর্ণিত শর্তাদি পূরণের শর্তে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য বিজ্ঞান বিভাগ (পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান ও উচ্চতর গণিত) খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হ’ল।

শর্তাদি :-

- ১। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে।
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থী সংখ্যা, পরীক্ষার্থী সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।
- ৩। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
- ৪। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ বা নজির হিসাবে বিবেচিত হবে না।
- ৫। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
- ৬। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
- ৭। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদিও সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
- ৮। NTRCA সনদধারী শিক্ষক ও মহিলা কোটা পূরণ করতে হবে।
- ৯। পরীক্ষার পূর্বেই পরীক্ষার অনুমতি ফি ৩,০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ১০। অত্র বোর্ডের ওয়েব সাইট হতে সকল প্রকার বিজ্ঞপ্তি সংগ্রহ করতে হবে।
- ১১। বিজ্ঞান গবেষণাগারে আধুনিক যন্ত্রপাতি ক্রয় করতে হবে।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

দক্ষিণ নড়াইল শিমুলিয়া মহাবিদ্যালয়

ডাক: আগদিয়া শিমুলিয়া, সদর, নড়াইল।

স্মারক নং-ক/অ/৭২(০২)/ ৮৫৬ (০২)/(১-২২)

তারিখ : ০৮/১২/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হ’ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :-

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নড়াইল।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। জেলা শিক্ষা অফিসার, নড়াইল।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, নড়াইল।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সেকশন অফিসার, উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১১। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর